গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১-৯৯৮ তারিখঃ ২৭-০৮-২০১৯খ্রিঃ।

**বিষয়ঃ সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট অফিস কর্তৃক পেনশন পরিশোধের ব্যবস্থাপনা প্রসঙ্গে।**

সূত্রঃ ১। ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৯৫৩, তারিখ-২৪/০৬/২০১৯ খ্রিঃ।
২। সিএও/পিএফএম/সিজিএ যোগাযোগ/৬৬/৩৭, তারিখ-০৮/০৮/২০১৯ খ্রিঃ।

সূত্রস্থ ১ নং পত্রের মাধ্যমে পেনশন ব্যবস্থাপনাকে আধুনিকীকরণ এবং কেন্দ্রীয়ভাবে সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর মাধ্যমে পেনশন প্রদান কার্যক্রমের অংশ হিসেবে জুলাই ০৮, ২০১৯ খ্রিঃ তারিখ হতে অবসর গ্রহণকারী সকল সরকারি চাকরীজীবিদের গ্র্যাচুইটি সকল সিএও, ডিসিএ, ডিএও এবং ইউএও অফিস কর্তৃক পরিশোধের পর পেনশনারের মাসিক পেনশন পরিশোধের লক্ষ্যে আইবাস++ সিস্টেমে ই-পিপিও তৈরী করে সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর সিস্টেমে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু আইবাস++ সফটওয়ারে প্রয়োজনীয় বিজনেস প্রসেস যথাসময়ে সঠিকভাবে সন্নিবেশন করা সম্ভব না হওয়ায় আগামী ০১/০৯/২০১৯ খ্রিঃ হতে উক্ত কার্যক্রম যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট পে-পয়েন্ট সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট বরাবর ডাটা ট্রান্সফারের পূর্বে পেনশনারের গ্রাচুইটি এবং ডাটা ট্রান্সফারের পূর্ব মাস পর্যন্ত যদি কোন ধরণের মাসিক পেনশন বা ভাতা বকেয়া থাকে তাহলে ম্যানুয়াল পিপিও প্রস্তুতপূর্বক সেগুলো পরিশোধ করে লাল কালিতে "......... তারিখ পর্যন্ত এ কার্যালয় হতে পেনশন প্রদান করা হয়েছে এবং ইএফটি করার জন্য সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ে প্রেরণ করা হলো" মর্মে পিপিও ও পেনশন বইয়ে লিপিবদ্ধ করে ডাটা ট্রান্সফার করবে।

সিজিএ মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

স্বাক্ষরিত
(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯।
তারিখঃ ২৭-০৮-২০১৯খ্রিঃ।

নং- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১-৯৯৮(১-৪) (১-৬)
কার্যার্থে বিতরণঃ
১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস- (সকল)।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
৭৭/৭ কাকরাইল, অডিট ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, প্রবিধি অনু বিভাগ]।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

২৮/৮/১৯
(লাইলী বেগম)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।

E:\Ridoy Shikder\691.docx1

Received

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
ইমেইল:pfmcao@cga.gov.bd
হটলাইন:০১৩১৬৪৬৪৬৬৫

২৪ শ্রাবণ ১৪২৬ খ্রি.

স্মারক নং- সিএও/পিএফএম/সিজিএ যোগাযোগ/৬৬/৩৭

তারিখ:-০৮/০৮/২০১৯ খ্রি:

বরাবর
হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা,ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: (অতি: হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব)]

**বিষয়ঃ নতুন পেনশন গমনকারী পেনশনারগণের তথ্য মাসিক প্রদানের নিমিত্ত সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এ প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রস্থ পত্রের মাধ্যমে নতুন পেনশনে গমনকারী পেনশনারগনকে সংশ্লিষ্ট পে-পয়েন্ট হতে গ্র্যাচুইটি প্রদানের মাসিক পেনশন প্রদানের নিমিত্ত সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট প্রেরণের নির্দেশনা দেওয়া হয়েছিল। কিন্তু নির্দেশনাটি বাস্তবায়নের জন্য আইবাস++ সফটওয়ারে প্রয়োজনীয় বিজনেস প্রসেস "যথাসময়ে সঠিকভাবে সন্নিবেশন করা সম্ভব হয়নি। এর একটি কারণ হলো পেনশন ফিক্সেশন ডাটা বেইজকে আইবাস++ এ ইন্টিগ্রেশন করা সংক্রান্ত জটিলতা। তবে বর্তমানে এ কার্যালয় বিষয়ে বর্ণিত কার্যাবলী সম্পাদনের জন্য প্রস্তুত। আগামী ০১.০৯.২০১৯ খ্রি: হতে নতুন পেনশনারগনকে এ কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। তবে এ বিষয়ে পে-পয়েন্ট সমূহকে দেওয়া নির্দেশনা দেয়া প্রয়োজন যে, ডাটা প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট পে-পয়েন্ট পেনশনারের গ্র্যাচুইটি এবং এ কার্যালয় বরাবর ডাটা ট্রান্সফারের পূর্ব মাস পর্যন্ত যদি কোন ধরনের মাসিক পেনশন বা ভাতা বকেয়া থাকে তাহলে সে গুলো পরিশোধ পূর্বক প্রেরণ করতে হবে। ডাটা ট্রান্সফারের ক্ষেত্রে এ কার্যালয় হতে সিএও/পিএন্ডএফএম/ ডি-হাফ ও ইএফটি সা:আ:প/১৫/০৭/২০০৭, তারিখ:-০৮জুলাই ২০১৯ খ্রি: এ জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী করতে হবে।

সিএও মহোদয়ের অনুমোদনক্রমে।

০৮/০৮/১৯
(মো:হাসান নাজমুল কবির)
উপপ্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট

অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি)
জারী নম্বরঃ ... তারিখ ...
ডিসিজিএ (হিসাব) ঃ অতি জরুরি
ডিসিজিএ (পদ্ধতি) ঃ............দিনের মধ্যে মন্তব্য দিন
এএন্ডএও ঃ পরীক্ষা করে মতামত দিন।
হিসাব/সিডিপিষ্ট ঃ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
পদ্ধতি-১/২ ঃ পৃষ্ঠাংকণ করুন।
চলতি হিসাব জমা ঃ নথিভুক্ত করুন।
অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি)

উপ-হিসাব মহা-নিয়ন্ত্রক (হিসাব)
বিষয়টি অতীব জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
পরীক্ষা করে মতামত দিন
পৃষ্ঠাংকন করুন।
এ এন্ড এ ও (সিআরইউ)
এ এন্ড এ ও (চলতি হিসাব)
সিএটুডিসিজিএ (হিসাব)
নথিভুক্ত করুন

স্বাক্ষর/ডিসিজিএ (হিসাব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা , ঢাকা-১০০০।

নম্বর- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪- ৯৫৬ তারিখ:২৪/০৬/২০১৯খ্রি:

**বিষয়: সিএও, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট অফিস কর্তৃক পেনশন পরিশোধের ব্যবস্থাপনা প্রসঙ্গে।**

পেনশন ব্যবস্থাপনাকে আধুনিকীকরণ এবং কেন্দ্রীয়ভাবে সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর মাধ্যমে পেনশন প্রদান কার্যক্রমের অংশ হিসেবে জুলাই ০৮, ২০১৯ খ্রি: তারিখ হতে অবসর গ্রহণকারী সকল সরকারি চাকরীজীবিদের গ্র্যাচুইটি সকল সিএও,ডিসিএ,ডিএও এবং ইউএও অফিস কর্তৃক পরিশোধের পর পেনশনারের মাসিক পেনশন পরিশোধের লক্ষ্যে আইবাস++ সিস্টেমে ই-পিপিও তৈরী করে সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর সিস্টেমে প্রেরণ করবে। সিএও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট দপ্তর অবিলম্বে এ সংক্রান্ত User Manual সকল হিসাবরক্ষণ অফিসে প্রেরণ নিশ্চিত করবে। পুরাতন পেনশনারদের ক্রমান্বয়ে ইএফটি এর আওতায় আনয়নের বিষয়ে সিজিএ কার্যালয়ের পত্র নং-০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪-৮৪১ তারিখঃ ২৭/০১/২০১৯ খ্রিঃ এর নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সকলকে পুনরায় নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

২৪/০৬/২০১৯

(মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯
Email: addlcga@cga.gov.bd

নম্বর- ০৭.০৩.০০০০.০১০.১১.৬৯১.১৪- ৯৫৬ (১-৪) তারিখ:২৪/০৬/২০১৯খ্রি:

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, ৭৭, কাকরাইল, অডিট ভবন ঢাকা ।
[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, প্রবিধি অনু বিভাগ]
৩। পিএ টু অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(কামরুন নেছা)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।

6/F c:\users\user\desktop\draft.docx9